



সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

কাওরান বাজার শাখা, ঢাকা।

অর্থস্বত্ব আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখা, ঢাকা এর বিনিয়োগ গ্রহিতা কেমিকো ফার্মাসিউটিক্যালস লিমিটেড, মালিক/ম্যানেজিং ডাইরেক্টর/চেয়ারম্যান : জনাব মুকুল কালাম আসওয়াদ, পিতা মোঃ আবুল কালাম, ব্যবসায়িক ঠিকানা: ৬/সি/২ তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর নিকট ১০/০৮/২০২৬ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোট : ৭,২১,৯৭,৭৮৮/- কথায় (সাত কোটি একুশ লক্ষ সাতান্নবই হাজার সাতশত আটশি টাকা) টাকা এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ, আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোজারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে অগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তে সীলমোহর কৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী

১. অগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সীল মোহর কৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া আগামী ১৩/১০/২০২৬ তারিখ অপরাহ্ন ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখা, শাখায় রক্ষিত দরপত্র বাস্তবে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং এদিনই অপরাহ্ন ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
২. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যেকোন তফসীলী ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, কাওরান বাজার শাখা, এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৪. অনূর্ধ্ব ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
৫. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৩ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
৬. দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
৭. এক বা একাধিক তফসিলের বিপরীতে দরপত্র দাখিল করা যাইবে।
৮. কম জামানত সমেত/ জামানতবিহীন/ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
৯. অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।
১০. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।
১১. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবেনা এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থস্বত্ব আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
১২. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

তফসীল

Dist. Dhaka, P.S. Pallabi & S. R. Office-Mirpur, Under Dhaka Collectorate, J. L. No. Sabek- 218, S. A. 43, R. S. 12 & DCS 04. Mouza-"Goranchatbari", Khatian No. C. S.186, 706, S. A. 130, 496, R. S. 15 & DCS 08. DCS Mutation Khatian No. 2004, Jote No. 93/5, Plot No. C. S. & S. A. 416 (Four hundred Sixteen) & 417 (Four hundred Seventeen) and R. S. 813 (Eight hundred thirteen) and DCS 6408 (Six Thousand Four hundred Eight) & 6409 (Six Thousand Four Hundred Nine). Land measuring 0.1751 (Zero Point One Seven Five One) Acre or 17.51 (Seventeen Point Five One) Decimals and structure thereon. Pallabi "2nd Part" Project. Company lay out plot No. D/278 & D/280, Block-D. Owned by Mrs. Nurul Akhter Aurora. Butted and Bounded by the North-Company Lay out plot No. D/276, by the South-Company Lay out Plot No. D/282, by the East- Company Lay out Road, and the West- Company Lay out of Botanical Garden.

সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, কাওরান বাজার

শাখার পক্ষে

ম্যানেজার

মোবাইল নং: ০১৯৭০৯৭৪৫৮